



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/12/2022

গভর্নর ক্যাথি হোকল

## মুদ্রাস্ফীতি হ্রাস অ্যাক্ট 2022 এর কংগ্রেসনাল পাশ হওয়া নিয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজকের হাউজ অফ রিপ্রেজেন্টেটিভসের (House of Representatives) ভোট মুদ্রাস্ফীতির বিরুদ্ধে, পরিবারসমূহের জন্য খরচ কমাতে এবং জলবায়ু সঙ্কট সামাল দিতে আমাদের জাতির প্রচেষ্টার ক্ষেত্রে একটি বিশাল ধাপ। স্পিকার পেলোসির নেতৃত্ব এবং নিউ ইয়র্ক কংগ্রেসনাল প্রতিনিধিদলের (New York Congressional delegation) ডেমোক্রেটদের কঠোর পরিশ্রমের কল্যাণে, মুদ্রাস্ফীতি হ্রাস অ্যাক্ট 2022 (Inflation Reduction Act of 2022) শীঘ্রই রাষ্ট্রপতি বাইডেনের কাছে পৌঁছাবে।

এই ফেডারেল বিধিমালা নিউ ইয়র্কে বিশাল প্রভাব ফেলতে যাচ্ছে। যেই সকল বয়স্ক মানুষ প্রেসক্রিপশন ওষুধের জন্য মেডিকয়ারের (Medicare) উপর নির্ভর করে, তারা অবশেষে মূল্যহ্রাস দেখতে পারবে। যেই সকল ব্যক্তির সাশ্রয়ী সেবা অ্যাক্টের (Affordable Care Act) স্বাস্থ্যসেবা পরিকল্পনার উপর নির্ভর করে, তাদের ভর্তুকি সম্প্রসারণ করা হবে, তাদের প্রিমিয়াম ক্রয়ক্ষমতার মধ্যে রাখা হবে। এবং সবুজ প্রযুক্তি ও জলবায়ু স্থিতিস্থাপকতায় একটি ঐতিহাসিক বিনিয়োগ করা হলে তা কর্মসংস্থান সৃষ্টি, গৃহস্থালির ইউটিলিটি খরচ হ্রাস, এবং সবুজ শক্তি বিপ্লব শুরু করে দেওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে একটি ইতিবাচক প্রভাব ফেলবে।

মুদ্রাস্ফীতি হ্রাস অ্যাক্ট নিউ ইয়র্কে পরিবারসমূহকে জীবনযাপনের বর্ধিত খরচে সাহায্য করতে আমাদের চলমান প্রচেষ্টার একটি নিখুঁত অংশীদার, যার মধ্যে রয়েছে পরিচ্ছন্ন শক্তিতে আমাদের দেশের শীর্ষস্থানীয় বিনিয়োগ এবং মধ্যবিত্ত বাড়ির মালিকদেরকে প্রদত্ত কর ত্রাণ। আমি রাষ্ট্রপতি বাইডেনের এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য, এবং নিউ ইয়র্কে এইসব ঐতিহাসিক পরিবর্তন বাস্তবায়ন করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418